# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সততা, সৎ কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ সংক্রান্ত অধ্যায়

## بَابُ الصِّدْقِ وَالْأَمْرِ بِالْمَعْرُوفِ وَالنَّهْيِ عَنِ الْمُنْكَرِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا عَمْرُو بْنُ أَبِي عَمْرٍو عَنِ الْمُطَّلِبِ بْنِ حَنْطَبٍ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قال: (اضْمَنُوا لِي سِتًّا أَضْمَنْ لَكُمُ الْجَنَّةَ: اصْدُقُوا إِذَا حَدَّثْتُمْ وَأَوْفُوا إِذَا وَعَدْتُمْ وأَدُّوا إِذَا ائْتُمِنْتُم وَاحْفَظُوا فُرُوجَكُمْ وغُضُّوا أَبْصَارَكُمْ وكُفُّوا أَيْدِيَكُمْ.)

الراوي : عُبَادَةَ بْنِ الصَّامِتِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 271 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৭১. উবাদা বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা আমার জন্য ছয়টি জিনিসের জামিন হও, আমি তোমাদের জন্য জান্নাতের জামিন হবো। (১) যখন কথা বলবে, তখন সত্য কথা বলবে, (২) যখন ওয়াদা করবে, তখন তা পুর্ণ করবে, (৩) তোমাদের কাছে আমানত রাখা হলে, তা রক্ষা করবে, (৪) লজ্জাস্থান হেফাযত করবে, (৫) দৃষ্টি অবনত রাখবে এবং (৬) তোমাদের হাতকে সংযত রাখবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৩২৩; হাকিম: ৪/৩৫৮; সুনানু বাইহাকী: ৬/২৮৮।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪৭০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন